

💵 নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل) রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

তে। সর্বাবস্থায় আল্লাহর নিকট চাওয়া ও অভাব-অভিযোগ পেশ করা (الأحوال الله في جميع)

আল্লাহ তা'আলা ইয়া'কুব (আঃ) সম্পর্কে বলেন:

(قَالَ إِنَّمَا أَشْكُو بَنِّي وَحُزْنِي إِلَى اللَّهِ وَأَعْلَمُ مِنَ اللَّهِ مَا لَا تَعْلَمُونَ) [يوسف: 88]

'তিনি বললেন, আমি আল্লাহর কাছেই আমার দুঃখ-বেদনার অভিযোগ জানাচ্ছি। আর আল্লাহর পক্ষ থেকে আমি যা জানি, তোমরা তা জান না' (সূরা ইউসুফ: ৮৬)।

আল্লাহ তা'আলা আরও বলেন:

(وَأَيُّوبَ إِذْ نَادَى رَبَّهُ أَنِّي مَسَّنِيَ الضَّرُّ وَأَنْتَ أَرْحَمُ الرَّاحِمِينَ (83) فَاسْتَجَبْنَا لَهُ فَكَشَفْنَا مَا بِهِ مِنْ ضُرِّ وَآتَيْنَاهُ أَهْلَهُ وَمِثْلَهُمْمَعَهُمْ رَحْمَةً مِنْ عِنْدِنَا وَذِكْرَى لِلْعَابِدِينَ (84)) [الأنبياء: 83 _ 84]

আর স্মরণ কর আইউবের কথা, যখন তিনি তার রবকে আহবান করে বলেছিলেন, আমি দুঃখ-কস্টে পতিত হয়েছি। আর আপনি তো সর্বশ্রেষ্ঠ দয়ালু। (৮৩) তখন আমি তার ডাকে সাড়া দিলাম। আর তার যত দুঃখ-কস্ট ছিল, তা দূর করে দিলাম এবং তার পরিবার-পরিজন তাকে দিয়ে দিলাম। আর তাদের সাথে তাদের মত আরো তাকে দিলাম; আমার পক্ষ থেকে রহমত এবং ইবাদতকারীদের জন্য উপদেশস্বরূপ' (সূরা আল-আম্বিয়া: ৮৩-৮৪)। আল্লাহ তা'আলা আরও বলেন:

(وَزَكَرِيًّا إِذْ نَادَى رَبَّهُ رَبِّ لَا تَذَرْنِي فَرْدًا وَأَنْتَ خَيْرُ الْوَارِثِينَ (89) فَاسْتَجَبْنَا لَهُ وَوَهَبْنَا لَهُ يَحْيَى وَأَصْلَحْنَا لَهُ وَوَهَبْنَا لَهُ وَوَهَبْنَا لَهُ يَحْيَى وَأَصْلَحْنَا لَهُ وَرَهَبًا وَزَهْبًا وَكَانُوا لَنَا خَاشِعِينَ (90)) ... [الأنبياء: 89 _ 60] 90]

'আর স্মরণ কর যাকারিয়ার কথা, যখন তিনি তার রবকে আহবান করে বলেছিলেন, হে আমার রব! আমাকে একারেখ না, তুমি তো শ্রেষ্ঠ মালিকানার অধিকারী। (৮৯) অতঃপর আমি তার আহবানে সাড়া দিয়েছিলাম এবং তাকে দান করেছিলাম ইয়াহইয়া আর তার জন্য তার স্ত্রীকে উপযোগী করেছিলাম। তারা সৎকাজে প্রতিযোগিতা করত। আর আমাকে আশা ও ভীতি সহকারে ডাকত। আর তারা ছিল আমার নিকট বিনয়ী' (সূরা আল-আম্বিয়া: ৮৯-৯০)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9378

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন